গাঁজাসহ মেহেরপুর শহরের আশিক আটক

১০০ গ্রাম গাঁজাসহ আশিক নামের এক যুবককে আটক করেছে মেহেরপুর সদর ফাঁড়ি পুলিশ। আটক আশিক মেহেরপুর শহরের বেড়পাড়া এলাকার ইদ্রিস আলীর ছেলে।

আজ শনিবার (২৭ মে) ভোররাতের দিকে সদর ফাঁড়ি পুলিশের উপপরিদর্শক (এসআই) নাজমুল হোসেন সঙ্গীয় ফোর্সসহ তার বাড়িতে অভিযান চালিয়ে আটক করেন। এসময় তার বাসত ঘর থেকে ১০০ গ্রাম গাঁজা উদ্ধার হয়।

এসআই নাজমুল বলেন, বাড়িতে গাঁজা রেখেছে এমন সংবাদের ভিত্তিত্বে তার বাড়িতে অভিযান চালানো হয়।

আটক আশিকের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আজ শনিবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে কলেজের সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষসহ ৫ জন গ্রেফতার

মেহেরপুর জেলা পুলিশের নিয়মিত ১২ ঘন্টার অভিযানে কলেজ শিক্ষকসহ বিভিন্ন মামলার ৫ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে ৩ আসামি, মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ১ জন করে গ্রেফতার হন।

গতকাল বৃহস্পতিবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন। গ্রেফতারকৃতরা হলেন, আদালতের পরোয়ানাভূক্ত সিআর ১৯৫/২২ নং মামলার আসামি গাংনী

উপজেলার জোড়পুকুরিয়া গ্রামের মৃত আব্দুল মজিদের ছেলে বাঁশবাড়িয়া টেকনিক্যাল কলেজের সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ ফিদাহ হাসান, সিআর মামলা নং ৩১/২৩ এর আসামি ছাতিয়ান গ্রামের কামাল হোসেনের স্ত্রী রেকছনা খাতুন ও সিআর ৫৬৫/২২ নং মামলার আসামি কাজিপুর গ্রামের মৃত নাজির হোসেনের ছেলে ইউসুফ মন্ডল।

এছাড়া মেহেরপুর সদর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার একজন ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলার এক আসামিকে গ্রেফতার করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এই তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃতদের আজ শুক্রবার (২৬মে) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করেছে।

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে আটক-৩

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান পরিচালনা করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেল সাড়ে তিনটার সময় চুয়াডাঙ্গা সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মোঃ মাজহারুল ইসলাম ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক শরীয়তুল্লাহ ও উপরিদর্শক আকবর হোসেন এবং উপপরিদর্শক সাহারা ইয়াসমিন এর নেতৃত্বে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয় হতে চুয়াডাঙ্গা থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান করে আসামি মো:রাকিব (৩০), পিতা মো:বজলুর রহমান সাং বেলগাছী মুসলিমপাড়া থেকে সদর থানাধীন শান্তিপাড়া ফুল চাদের আম বাগানে মধ্যে হইতে আসামির দেহ তল্লাশি করে ৫০ গ্রাম গাঁজা সহ গ্রেপ্তার করা হয় উক্ত

গ্রেফতারকৃত আসামীকে নির্বাহী ম্যাজিস্ট্রেট ০৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ২০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

অপরদিকে বিভাগীয় স্টাফদের সমন্বয়ে চুয়াডাঙ্গা থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান করে আসামি মোছা: সেলিনা বেগম (২৭) স্বামী মিন্টু শান্তিপাড়া হতে এবং অপর পলাতক আসামি মোছা: শিপ্রা বেগম(৬০) স্বামী: মো: বাবুল সাং: বুজরুক গড়গড়ি বুদ্ধিমান পাড়া চুয়াডাঙ্গা কে সদর থানাধীন শান্তিপাড়া গ্রামস্থ নিজ দখলীয় বসতঘর হইতে ৫০৬ পিচ ইয়াবা ট্যাবলেট ও হিরোইন ০২ গ্রাম এবং ট্যাপেন্ডা ট্যাবলেট ২০ পিচ উদ্ধার করা হয় , উক্ত আসামিদের বিরুদ্ধে চুয়াডাঙ্গা থানায় একটি নিয়মিত মামলা দায়ের প্রক্রিয়া চলছে।

৩ বছর কারাভোগ শেষে ভারতীয় নাগরিককে ফেরত

বাংলাদেশে এক মেয়ের প্রেমের টানে অবৈধ অনুপ্রবেশের দায়ে কুষ্টিয়া কারাগারে কারাভোগ শেষে দর্শনা চেকপোস্ট সীমান্তে বিজিবি-বিএসএফ পতাকা বৈঠকে শেষে ভারতে ফিরলেন আফফান শেখ (২৮) সে ভারতের মুর্শিবাদ জেলার জলংগী থানার সরকার পাড়ার ইসমাইল শেখের ছোট ছেলে।

গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে ১২ টার দিকে চুয়াডাঙ্গার দর্শনা আন্তজার্তিক জয়নগর সীমান্তের ৭৬ নং মেইন পিলালের কাছে চেকপোষ্ট দিয়ে তাকে ভারতে ফেরত পাঠানো হয়েছে। পুলিশ ও বিজিবি সুত্রে জানাগেছে ২০১৯ সালের কুষ্টিয়া দৌলৎপুর সীমান্ত দিয়ে অবৈধভাবে কুষ্টিয়ার এক মেয়ের প্রেমের টানে অনুপ্রবেশ করে আফফান শেখ। বাংলাদেশে অবৈধভাবে অনুপ্রবেশের দায়ে বর্ডার গার্ড বিজিবি সদস্যারা তাকে আটক করে। বিজিবি সদস্যারা তাকে মামলা দিয়ে কুষ্টিয়া দৌলতপুর থানায় হস্তান্তর করে। পরে আফাফান শেখকে ৩ মাসের কারাদণ্ড দেয় আদালত।আফফান শেখের কাগজপত্র জটিলতার কারনে তাকে ৩ বছর কারাগারে থাকতে হয়। কারাগারে সাজা ভোগ শেষে দুদেশে হাইকমিশনে কাগজ আদান প্রদানে আইনি প্রক্রিয়া সম্পন্ন হয়।

গতকাল বৃহস্পতিবার দপুরে দর্শনা সীমান্ত দিয়ে নিজ দেশে বিএসএফের কাছে হস্তান্তর করে বিজিবি। ৩ বছর পর বাবাকে দেখতে পেয়ে আবেগে আপ্লুত হয়ে কান্নায় ভেঙ্গে পড়েন আফফান শেখ।

এ সময় পতাকা বৈঠকে উপস্থিত ছিলেন বাংলাদেশের পক্ষে দর্শনা আন্তজার্তিক জয়নগর ইমিগ্রেশন চেকপোষ্টের ইনচার্জ এস আই আবু নাঈম, দর্শনা থানার এস আই স্বপন কুমার সরকার, দর্শনা আইসিপি ক্যাম্প কমান্ডার নায়েব সুবেদার আব্দুল জলিল।

ভারতের পক্ষে উপস্থিত ছিলেন গেদে সহকারি ক্যাম্প কমান্ডার বিএসএফ, ইনচার্জ শ্রী মহেশ, ইমিগ্রেশন ইনচার্জ গোপাল চন্দ্র দে, গেদে কাষ্টমস কর্মকর্তা সুব্রত মন্ডল, কৃষ্ণনগর থানার এস আই সুমন কুমার ঘোষ, কৃষ্ণগন্জ থানার এস আই রতন কুমার, মানবাধিকারকর্মী চিত্তরঞ্জ পাল।

মেহেরপুরে রুপার বিরুদ্ধে ডিএস আইনে আরও একটি মামলা

মেহেরপুরে আটলান্টিক হোটেল কাণ্ড মামলার চার্জশিট ভুক্ত আসামি নিলুফার ইয়াসমিন রুপার বিরুদ্ধে মেহেরপুরের একটি আদালতে ডিজিটাল নিরাপত্তা আইনে আরও একটি মামলা হয়েছে।

আজ বৃহস্পতিবার বঙ্গবন্ধু সৈনিক লীগ মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক তরুন আহমেদ বাদী হয়ে মেহেরপুরের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতে এ মামলা দায়ের করলে বিচারক মো. তারিক হাসান মামলাটি আমলে নেন। যার নম্বর সিআর ৩৬২/২৩।

মামলার এজাহারে বাদী অভিযোগ করেন, আসামী নিলুফার ইয়াসমিন রুপা একজন দুর্দান্ত প্রকৃতির প্রতারক চক্রের সক্রিয় সদস্যা এবং দেহ ব্যবসায়ীর সাথে জড়িত থেকে বিভিন্ন অপকর্ম করে বেড়ান। নিরীহ ব্যক্তিদের ব্লাকমেইল করে নিরীহ মানুষের ঘনিষ্ঠ হয়ে নগ্ন ছবি করে চাঁদা আদায় করে থাকে মর্মে আসামীর অপকর্মের বিষয়ে প্রাথমিক ভাবে প্রমাণিত হলে আসামীকে অভিযুক্ত করে চাঁদাবাজি ও পর্নোগ্রাফী

নিয়ন্ত্রণ আইনে অভিযোগ পত্র দাখিল করেন তদন্তকারী পুলিশ কর্মকর্তা।

এজাহারে আরো জানা গেছে, আসামী মেহেরপুর শহরে বিভিন্ন অপকর্ম করে বেড়াই, নিরীহ মানুষদের ফাঁদে ফেলে টাকা পয়সা আদায় করে থাকে। আসামীর বিরুদ্ধে দায়েরকৃত জি.আর- ৪২৯/২২ মামলা থেকে গ্রেফতার এড়ানোর জন্য আসামী নিজেকে মেহেরপুর জেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের সদস্য না হওয়া স্বত্ত্বেও সদস্য দাবী করিয়া বাংলাদেশ আওয়ামী লীগের ভাবমুর্তি ক্ষুন্ন করার অভিপ্রায়ে এবং মামলার বিচার কার্যক্রম ব্যাঘাত করার জন্য ও পুলিশ প্রশাসনকে চাপে রাখার জন্য আসামী কয়েকজন মহিলা ও পুরুষদের টাকার বিনিময়ে মিথ্যা প্রলোভন দেখাইয়া জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবর রহমানের ও মাননীয় প্রধানমন্ত্রীর ছবি ব্যবহার করে ঘটনার তারিখে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বে-আইনী সমাবেশ করে বক্তব্য প্রদান করে। নিলুফা ইয়াসমিন রুপা বঙ্গবন্ধু সৈনিক লীগের কোন পদে না থেকেও পদ ব্যবহার করে প্রতারণা মূলক কাজ করছে এবং সংগঠন বিরোধী কার্যকলাপ চালিয়ে বাংলাদেশ আওয়ামী লীগের কর্মী ও সমর্থকসহ জনগণের মনে অনুভূতির আঘাত হানিয়া বাংলাদেশ আওয়ামী লীগের মান সম্মান ক্ষুন্ন করেছে।

বাংলাদেশ আওয়ামীলীগের অর্থাৎ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রীর ছবি ব্যবহার করে বাংলাদেশ আওয়ামী লীগের ভাবমুর্তি ক্ষুন্ন করেছে । বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান এবং প্রধানমন্ত্রীর ছবি সঠিক স্থানে প্রতিস্থাপন না করিয়া যত্রতত্র ব্যবহার করিয়া মুক্তিযুদ্ধের চেতনায় আঘাত হানে এবং মুক্তিযুদ্ধের চেতনা অবমাননা করিয়া ডিজিটাল নিরাপত্তা আইনের বিধান লংঘন করিয়াছে।

মেহেরপুর পুলিশের অভিযানে গ্রেফতার-৪

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে

বিভিন্ন মামলার ৪ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের নিয়মিত মামলার ২ ও পুলিশ আইনের ৩৪ ধরায় ১ জন এবং গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলার ১ আসামি গ্রেফতার হয়েছে।

বুধবার সকাল থেকে আজ বৃহস্পতিবার (২৫ মে) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেফতার করেন পুলিশ। পুলিশের সংশ্লিষ্ট থানা সূত্র এই তথ্য নিশ্চিত করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযানে অংশ নেন।
গ্রেফতারকৃতদের আজ বৃহস্পতিবার (২৫ মে) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

দর্শনায় বিজিবির অভিযানে ২ মণ রুপার গহনা ও ২০টি স্বর্ণের বারসহ নারী আটক

চুয়াডাঙ্গার দর্শনা সীতান্তে চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করেছে চুয়াডাঙ্গা-৬ বিজিবি। এ দুটি চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করে ভারতীয় তৈরী ৭৭ কেজি ৭শ গ্রাম রুপার গহনা ও সোয়া ২ কেজি স্বর্ণ সহ শাহানারা নামের এক নারী পাচারকারীকে আটক করেছে। পৃথক আরেক অভিযানে বিজিবির উপস্থিতি টেরপেয়ে রূপার গহনা ফেলে পালিয়েছে এক চোরাকারবরীকে।

আটককৃত নারী চোরাকারবারী শাহানারা দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের মৃত কাশেমের স্ত্রী।

বিজিবি জানায়, আজ বুধবার বিকালে চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার

অন্তর্গত দর্শনা বিওপির দায়িত্বপূর্ণ এলাকা দিয়ে ভারত হতে বাংলাদেশে বিপুল পরিমান তৈরীকৃত রুপার গহনা পাচার করা হচ্ছে মর্মে প্রাপ্ত বিশেষ তথ্যের ভিত্তিতে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেঃ কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি সঙ্গীয় টহল দল নিয়ে সীমান্ত মেইন পিলার ৭৬ হতে আনুমানিক ৪ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে দর্শনা থানাধীন মোবারকপাড়া আবাসিক এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে। এসময় মোবারকপাড়া আবাসিক এলাকায় বসবাসকারী মোস্তফা আলীর বসতবাড়িতে অভিযান চালিয়ে

চোরাকারবারী সোহাগ কতৃক ফেলে যাওয়া রুপা ভর্তি ৪টি প্লাষ্টিকের বস্তা পরিত্যক্ত অবস্থায় এবং পার্শ্ববর্তী সোহাগের বসতবাড়ি হতে স্কচটেপ দ্বারা মোড়ানো ১২৬টি খালি প্যাকেট এবং ১টি মোটর সাইকেল উদ্ধার করে। উদ্ধারকৃত ৪টি প্লাষ্টিকের বস্তার মধ্য হতে ৭৭ কেজি ৭০০ গ্রাম ভারতীয় তৈরীকৃত রুপার গহনা উদ্ধার করতে সক্ষম হয়।

এ ব্যাপারে সুবেদার জহির উদ্দিন বাবর বাদী হয়ে দর্শনা মোবারকপাড়ার মৃত বাবু আলীর ছেলে সোহাগ (৩০)কে পলাতক আসামী করে দর্শনা থানায় মামলা দায়ের করা সহ উদ্ধার হওয়া ভারতীয় তৈরীকৃত রুপার গহনাগুলি চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

অপর দিকে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন জেলার দর্শনা থানার অন্তগর্ত বারাদী সীমান্ত দিয়ে বাংলাদেশ হতে ভারতে স্বর্ণ চোরাচালান হচ্ছে মর্মে গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন-৬ বিজিবি’র অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি এর সার্বিক দিক নির্দেশনায় ব্যাটালিয়নের অধিনস্থ সীমান্তের বারাদী বিওপি কমান্ডার নাঃ সুবেঃ আহসান কবীর, পিবিজিএম সঙ্গীয় ফোর্স নিয়ে সীমান্ত পিলার ৭৯/৬-আর হতে আনুমানিক ১ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে নাস্তিপুর গ্রামের জোড়া কবরস্থান এলাকায় এ্যাম্বুশ করে আনুমানিক দুপুর ১ টার দিকে একটি অটো রিক্সা দর্শনা থেকে নাস্তিপুর সীমান্ত দিকে যেতে দেখলে বিজিবি সশস্ত্র টহল দল অটো রিক্সাটির গতিরোধ করে অটো রিক্সায় অবস্থানকারী ব্যক্তিবর্গের মধ্যে একজন বোরকা পরিহিত মহিলাকে সন্দেহ করে।

সন্দেহ ভাজন ব্যক্তিকে প্রাথমিক জিজ্ঞাসাবাদকালে তার কাছে কোন চোরাচালানী পণ্য নেই মর্মে বিজিবি টহলকে অবহিত করেলে টহল দলের

মহিলা সদস্যগণ আটককৃত চোরাকারবারী ৪৮ বছর বয়সী শাহানারা নামের নারীর দেহ তল্লাশি করে বুকের ভিতর অভিনব কায়দায় লুকানো অবস্থায় কসটেপ দিয়ে মোড়ানো ২টি প্যাকেট হতে ২০টি স্বর্ণের বার (২ কেজি ৩৪১ গ্রাম) এবং ১ টি মোবাইল ফোন উদ্ধার করতে সক্ষম হয়।

আটককৃত চোরাকারবরী শাহানারা চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের মৃত কাশেমের স্ত্রী। এ বিষয়ে হাবিলদার ওবাইদুর রহমান দর্শনা থানায় মামলা করে আটককৃত আসামীকে দর্শনা থানায় হস্তান্তর এবং আটককৃত স্বর্ণের বারগুলি চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা করণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে বলে এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে সাংবাদিকদের জানায়।

গাংনীতে ভ্রাম্যমাণ আদালতে ২ মাদক সেবকের কারাদণ্ড

গাঁজা সেবন করে বিরক্তিকর আচরণ করায় রনি রোজারিও (৪০) ও সাগর রোজারিও (৫৫) কে ১৫ দিন ও ৭ দিন করে বিনাশ্রম কারাদণ্ড ও ২শ টাকা করে অর্থদণ্ড দিয়েছে উপজেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম।

আজ বুধবার (২৪ মে) বিকাল ৩ টার সময় চৌগাছা খ্রীষ্টানপাড়া এলাকায় ভ্রাম্যমাণ আদালত বসিয়ে এই কারাদন্ড দেন নির্বাহী ম্যাজিস্ট্রেট।

রনি রোজারিও গাংনী পৌর সভার চৌগাছা গ্রামের খ্রীষ্টানপাড়া এলাকার বিমল রোজারিও’র ছেলে এবং সাগর রোজারিও একই এলাকার ক্লেমেট রোজারিও’র ছেলে। এর আগে বেলা ১২ টার দিকে এই দুই মাদক সেবক খ্রীষ্টান পাড়া এলাকায় মোঃ রাজিবের আমবাগানে বসে গাঁজা সেবনরত অবস্থায় মেহেরপুর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে আটক হন।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এসআই খসরুর নেতৃত্বে একটি টিম

অভিযান চালিয়ে তাদের আটক করেন। এসময় তাদের কাছে ১০ গ্রাম করে গাঁজা উদ্ধার হয়। তাদের আটকের সময় গাঁজা সেবন করে বিরক্তিকর আচরণ করছিল।

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট নাদির হোসেন শামীম বলেন, তাদের বিরুদ্ধ মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ সালের ৩৬(৫) ধারায় আসামি রনি রোজারিওকে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড ও দুইশত টাকা জরিমানা প্রদান এবং আসামি সাগর রোজারিও কে একই আইনেন সাত দিনের বিনাশ্রম কারাদণ্ড ও ২শ টাকা জরিমানা করা হয়েছে।

দণ্ডিতদের মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ভ্যান চুরি করতে গিয়ে জনতার হাতে আটক চোর

মেহেরপুর শহরের পৌর কলেজপাড়া এলাকায় এবার ভ্যান চুরি করতে গিয়ে জনতার হাতে ধরা পড়লেন গাংনীর গাঁড়াডোব গ্রামের শাহাবুদ্দীন (৩৪)। পরে স্থানীয় জনতা তাকে তুলে দেন মেহেরপুর সদর থানা পুলিশের কাছে।

মেহেরপুর সদর থানায় চুরির অভিযোগে দায়ের হওয়া মামলায় তাকে গ্রেফতার দেখিয়ে আদালতে পাঠানো হয়।

গ্রেফতারকৃত শাহাবুদ্দীন গাংনী উপজেলার গাঁড়াডোব কাছারীপাড়া এলাকার নজরুল ইসলামের ছেলে।

আজ বুধবার (২৪ মে) সকাল সাড়ে ১০ টার দিকে মেহেরপুর শহরের পৌর কলজেপাড়া এলাকায় ব্যাটারি চালিত পাখি ভ্যান চুরি করতে গিয়ে জনতার হাতে আটক হন। তার নামে ৩৭৯ ধারায় দায়েরকৃত মামলার নং ৮, তারিখ ০৪/০৪/২০২৩ ইং গ্রেফতার দেখানো হয়।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, চুরির মামলার আসামি শাহাবুদ্দীন আজকে সকালের দিকে পৌর কলেজপাড়া এলাকায় ভ্যান চুরি করতে গিয়ে জনতার হাতে আটক হন। পরে

তাকে জনতার হাত থেকে উদ্ধার করা হয়।

মেহেরপুরের সাবেক অতিরিক্ত পুলিশ সুপারকে আদালতে তলব

মামলার তদন্তে অবহেলা, তদন্ত প্রতিবেদনে অস্পস্ট ও অসঙ্গতিপূর্ণ হওয়ায় মেহেরপুর থেকে বদলিকৃত অতিরিক্ত পুলিশ সুপার অপু সরোয়ারকে সশরিরে আদালতে হাজির হওয়ার নির্দেশ দিয়েছেন আদালত।

গতকাল মঙ্গলবার দুপুরের গাংনী আমলি আদালতের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ্ এই আদেশ প্রদান করেন।

আদালত সূত্রে জানা গেছে, ২০২২ সালের ১৮ এপ্রিল, গাংনী জেলা পরিষদ মার্কেট চত্তরে যুবলীগ অফিসের সামনে আওয়ামী লীগের দুই গ্রুপের সংঘর্ষ ও গোলাগুলির ঘটনা ঘটে। এঘটনায় বিবদমান দুইপক্ষ পরস্পরের বিরুদ্ধে আদালতে পৃথক মামলা দায়ের করেন। যে মামলা দুটি তদন্তের জন্য মেহেরপুর থেকে বদলিকৃত সাবেক অতিরিক্ত পুলিশ সুপার অপু সরোয়ারকে, নির্দেশ প্রদান করেন আদালত। মামলা দুটি ৫ মাসেরও অধিক সময় পরে প্রতিবেদন দাখিল করেন পুলিশের এই কর্মকর্তা।

গতকাল মঙ্গলবার উভয় মামলার প্রতিবেদন শুনানির জন্য দিন ধার্য ছিল। কিন্তু অনুসন্ধানকারী কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন অস্পস্ট, অসঙ্গতিপূর্ণ এবং অসম্পূর্ণ বলে আদালতের পর্যালোচনায় প্রতীয়মান হয়।

শুনানি শেষে গাংনী আমলি আদালতের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ্ প্রতিবেদনে উল্লিখিত অস্পস্ট ও অসঙ্গতিপূর্ণ বিষয়গুলো স্পষ্টীকরণের জন্য অনুসন্ধানকারী কর্মকর্তাকে সশরিরে আদালতে হাজির হওয়ার জন্য নির্দেশ প্রদান করেন।

এমন গুরুত্বপুর্ন মামলায় পুলিশের একজন উর্ধ্বতন কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন দৃষ্টে আদালত তার আন্তরিকতা ও উপযুক্ত

সতর্কতার অভাব ছিল বলে অভিমত ব্যক্ত করেন। এছাড়া প্রতিবেদন দাখিলে অযাচিত বিলম্ব ও পুলিশ কর্মকর্তার ইচ্ছাকৃত অবহেলা ছিল বলেও আদালত তার আদেশে উল্লেখ করেন।

এ বিষয়ে আগামি ১৫ জুন ব্যখ্যা এবং প্রতিবেদনে উল্লিখিত অস্পস্ট ও অসঙ্গতিপূর্ণ বিষয়গুলো স্পষ্টীকরণের জন্য অনুসন্ধানকারী কর্মকর্তাকে সশরিরে আদালতে হাজির হওয়ার জন্য নির্দেশ প্রদান করেন।

উল্লেখ্য, ২০২২ সালের ১৮ এপ্রিল, গাংনী জেলা পরিষদ মার্কেট চত্তরে যুবলীগ অফিসের সামনে আওয়ামী লীগের দুই গ্রুপের সংঘর্ষ ও গোলাগুলির ঘটনা ঘটে। এতে যুবলীগ অফিসে ঘিরে ধরে ইট পাটকেল চালালে ভিতর থেকে উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন কয়েক রাউন্ড গুলি বর্ষণ করেন। এঘটনার পরপরই মেহেরপুর-২ আসনের এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের নেতৃত্বে আওয়ামী লীগের একটি দল মেহেরপুর-কুষ্টিয়া সড়ক অবরোধ করে কিছুক্ষণ মিছিল ও সংক্ষিপ্ত সমাবেশ করেন। এসময় ওসি আব্দুর রাজ্জাকের নেতৃত্বে গাংনী থানা পুলিশের একটি টিম ঘটনা স্থলে পৌছে পরিস্থিতি শান্ত করেন এবং যুবলীগ অফিস থেকে সভাপতি মোশাররফ হোসেনকে উদ্ধার করে থানায় নেন। পরে মাঝরাতে মোশাররফ হোসেনকে ছেড়ে দেন পুলিশ।

এঘটনায় উভয় গ্রুপের পক্ষ থেকে দুটি মামলা এফআইআরভূক্ত হয়। তবে, অপু সরোয়ার সাম্প্রতিক সময়ে মেহেরপুর জেলা থেকে বদলি হয়ে অন্যত্রে গেছেন।